

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, সিলেট।

২৬-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ২৬-০৬-২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, সিলেট এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, সিলেট এর ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে বিগত ত্রৈমাসিকের অর্জন এবং কর্মপরিকল্পনার উপর পর্যালোচনা সংক্রান্ত বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।


০১।	জনাব মোঃ নাজমুল হোসেন, মহাব্যবস্থাপক, বিকেবি, বিকা, সিলেট।	সভাপতি
০২।	জনাব মোহাম্মদ ফয়জুর রহমান শহীদ, উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিকা, সিলেট।	সদস্য
০৩।	জনাব কেশব ভট্টাচার্য্য, সহকারী মহাব্যবস্থাপক, বিকেবি, বিকা, সিলেট।	সদস্য
০৪।	জনাব রাশেদ আফজাল, সহকারী মহাব্যবস্থাপক, বিকেবি, বিকা, সিলেট।	সদস্য
০৫।	জনাব মোঃ গোলাম মোস্তফা, উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, বিকেবি, বিকা, সিলেট।	সদস্য সচিব


০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভার সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে বিগত ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ৩০-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। তিনি সকল ক্ষেত্রে শুদ্ধাচার চর্চা এবং এর যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করার জন্য আহবান জানান।


০৩। সভায় বিভাগের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-


- ক) এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ সময়কালের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাবে আগামী ০৩-০৭-২০২২ তারিখের মধ্যে আপলোড করতে হবে।
- খ) ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
- গ) এসিডি ০২, সিএমএসএমই ও ঘরে ফেরা খাতে ঋণ বিতরণ ত্বরান্বিত করার মাধ্যমে শাখার অর্জন শতভাগ অর্জনের বিষয়ে তদারকি বৃদ্ধি করতে হবে।
- ঘ) সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত শাখা সমূহে জরুরী ভিত্তিতে কম্পিউটার সামগ্রী সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।


০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ গোলাম মোস্তফা)
উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য সচিব
বিভাগীয় নৈতিকতা কমিটি, সিলেট


(রাশেদ আফজাল)
সহকারী মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য
বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, সিলেট


(কেশব ভট্টাচার্য্য)
সহকারী মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য
বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি,
সিলেট


(মোহাম্মদ ফয়জুর রহমান শহীদ)
উপমহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সদস্য
বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, সিলেট


(মোঃ নাজমুল হোসেন)
(মহাব্যবস্থাপক)
বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট
ও
সভাপতি
বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, সিলেট